



“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”
বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন
“পরমাণু ভবন”



ই-১২/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website : www.baec.gov.bd, Phone No-8181806, Fax : 88-02-8181842


নং- ৩৯.০১.০০০০.২১৮.১১.০০৮.১৭- ২১৫

তারিখঃ ২৮/০৩/২০২২ খ্রি.

আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বিভিন্ন আদালতে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন-কে পক্ষভুক্ত করে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা এবং সরকারী স্বার্থ রক্ষার্থে ঢাকাস্থ সকল আদালত, মহামান্য সুপ্রীম কোর্টের আপিলেট বিভাগ ও হাইকোর্ট বিভাগের জন্য আইন উপদেষ্টা/ফার্মকে কমিশনের তদন্ত ও মামলা কাজে নিয়োগের লক্ষ্যে আগ্রহী আইনী প্রতিষ্ঠান/বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

০১.	আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর ও বয়স ইত্যাদি উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম কমিশনের Website: www.baec.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।
০২.	আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে।
০৩.	আবেদনের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।
০৪.	আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ, পেশাগত সনদ, অভিজ্ঞতাসহ সকল সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
০৫.	(ক) এডভোকেট হিসেবে ১০ (দশ) বৎসরের তন্মধ্যে হাইকোর্ট বিভাগে কমপক্ষে ০৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা, যাতে ১৫টি মামলা এককভাবে এবং যৌথভাবে কমপক্ষে ৩০ (ত্রিশ)টি মামলা পরিচালনা ও নিষ্পত্তির অভিজ্ঞতা থাকতে হবে। (খ) মহামান্য সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে চেম্বার থাকলে অগ্রাধিকার দেয়া হবে। (গ) নিজস্ব মালিকানা/লীজকৃত মানসম্পন্ন ব্যক্তিগত চেম্বার এবং ন্যূনতম ১(এক) জন সহযোগী আইনজীবী, ১ (এক) জন মহরী ও ১(এক) জন সহযোগী কর্মচারী থাকতে হবে।
০৬.	কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসাবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে।
০৭.	আইনজীবী নিয়োগ ০২ (দুই)+ বৎসরের জন্য হবে। সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে নিয়োগের মেয়াদ বর্ধিত করা যাবে। তবে, ০২ (দুই) বৎসর পর সন্তোষজনক কার্যাবলী না পাওয়া গেলে প্যানেল থেকে তার নাম বাদ দেয়া হবে। যদি এরূপ বাদ দিয়ে পত্র জারী করা না হয় সেক্ষেত্রে তিনি প্যানেল আইনজীবী হিসাবে কার্যক্রম চালিয়ে যেতে পারবেন।
০৮.	প্যানেল আইনজীবী নিয়োগ থাকাকালীন কোন প্রকার বেতন ভাতা বা সম্মানী দেয়া হবে না।
০৯.	বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মামলা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতার দায়িত্ব পালন এবং আইন সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের জন্য কর্তৃপক্ষের নির্ধারিত হারে আইনগত/পেশাগত “ফিস” প্রদান করা হবে। “ফিস” এর পরিমাণ অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রধান কার্যালয়ের তদন্ত ও মামলা শাখা হতে জানা যাবে বা কমিশনের Website: www.baec.gov.bd এ দেখা যাবে।
১০.	কমিশন কোন আইনজীবীকে অব্যাহতি দিতে চাইলে এবং কোন আইনজীবী অব্যাহতি নিতে চাইলে সেক্ষেত্রে ৯০ (নব্বই) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে এবং প্রয়োজনীয় কাগজপত্র হস্তান্তর করতে হবে।
১১.	দাখিলকৃত আবেদন, সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, মামলার সফলতা প্রভৃতি বিবেচনা করে সর্বোচ্চ ১০(দশ) জন আবেদনকারীর সাক্ষাতকার নেয়া হবে। অতঃপর নির্বাচিত প্রার্থীকে নিয়োগ প্রস্তাব দেয়া হবে।
১২.	উপরোক্ত শর্ত ছাড়াও যে কোন শর্ত সংযোজন, বিয়োজন, পরিবর্ধন, পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১৩.	আগামী ৩০/০৪/২০২২ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ই-১২/এ আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা’র বরাবর আবেদনপত্র পৌছাইতে হবে।
১৪.	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২৪/৩/২০২২

(নাজনীন ওয়ারেস)

সচিব

বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন